NOV. 27 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

## শেরে বাংলানগর কৃষি বিশ্ববিদ্যালয়

# সন্ত্রাসী-ছাত্র সংঘর্ষ, ২ জনকে ধরে গণপিটুনি, পুলিশে সোপর্দ

**কাগজ প্রতিবেদক :** রাজধানী শের-এ বাংলা নগর কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে গতকাল সোমবার সাধারণ ছাত্রদের সঙ্গে সন্ত্রাসীদের সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের এক পর্যায়ে ছাত্ররা ২ জনকে ধরে গণপিটুনি দিয়ে পুলিশের হাতে সোপর্দ করে। এই ঘটনার পর থেকে সাধারণ ছাত্ররা আতঙ্কের মধ্যে রয়েছে।

গতকাল বেলা ১১টার দিকে প্রশাসনিক ভবনের দক্ষিণ দিকে খোলা মাঠে এই সংঘর্ষের ঘটনা ঘটে। ঐ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ফরহাদ হোসেনের তত্ত্বাবধানে কয়েকজন ছাত্রছাত্রী মাঠে ব্যবহারিক পরীক্ষা করার সময় পাশে ১০-১২ জন যুবককে আড্ডা দিতে দেখা যায়। ঐ শিক্ষক যুবকদের পরিচয় জানতে চাইলে তারা ক্ষিপ্ত হয়ে শিক্ষককে গালাগাল করে। এতে ছাত্ররা উত্তেজিত হয়ে এগিয়ে গেলে যুবকরা পরপর বেশ কয়েকটি বোমা হামলা চালায়। পরে বিভিন্ন ছাত্রাবাস ও ক্যাম্পাস থেকে সাধারণ ছাত্ররা রড, হকিস্টিক নিয়ে এগিয়ে আসলে ঐ সব সন্ত্রাসী যুবকদের সঙ্গে সংঘর্ষ বেধে যায়। ঐ ছাত্র জানান, সংঘর্ষের এক পর্যায়ে ছাত্ররা রাজু (২৮) ও সোহেল (২৯) নামে দুজনকে ধরে ফেললে অন্য সন্ত্রাসীরা ক্যাম্পাসের দেওয়াল টপকে বাণিজ্য মেলার মাঠের দিকে চলে যায়। তারা সেখান থেকে ছাত্র শিক্ষকদের লক্ষ্য করে গুলি ও বোমা হামলা চালায়। এ অবস্থা প্রায় আধঘন্টা ধরে চলে। ঘটনার পর পরই পুলিশকে জানানো হলেও ঘটনা শেষ হয়ে যাওয়ার পর পুলিশ এসে ছাত্রদের হাতে আটক ২ জনকে নিয়ে যায়। পুলিশ জানায়, যে ২ সন্ত্রাসীকে ধরা হয়েছে তাদের ছাত্ররা গণপিটুনি দেওয়ায় অসুস্থ হয়ে যায়। পরে প্রাথমিক চিকিৎসা দিয়ে গতকালই তাদের ৫৪ ধারায় গ্রেপ্তার দেখিয়ে রিমান্ড না চেয়ে আদালতে পাঠিয়ে দেওয়া হয়।

এই ঘটনার পর ক্যাম্পাসে সবার মধ্যে আতঙ্ক বিরাজ করছে। ঐসব সন্ত্রাসীরা স্থানীয় গণভবন বস্তিতে থাকে। আর এ কারণেই এই ঘটনার জের ধরে তারা আবার হামলা চালাতে পারে বলে সবাই আশঙ্কা করছে।